গোপালগঞ্জে নতুন করে ২৬ প্লাটুন বিজিবি মোতায়েন



ছবি: সংগৃহীত

গোপালগঞ্জের আইনশৃঙ্খলা পরিস্থিতি স্বাভাবিক রাখতে জেলায় আরও ২৬ প্লাটুন বর্ডার গার্ড বাংলাদেশ (বিজিবি) সদস্য মোতায়েন করা হয়েছে। নতুন এ সদস্যদের যুক্ত করার ফলে জেলায় বিজিবির মোট সদস্যসংখ্যা দাঁড়িয়েছে ৫৫ প্লাটুনে।

শনিবার (২১ নভেম্বর) বিকেলে বিজিবি সদর দপ্তরের এক সংবাদ বিজ্ঞপ্তিতে এ তথ্য জানানো হয়।

বিজ্ঞপ্তিতে বলা হয়, আগে থেকেই জেলায় এক ব্যাটালিয়নের ২৯ প্লাটুন বিজিবি সদস্য দায়িত্ব পালন করছিলেন। পরিস্থিতি নিয়ন্ত্রণ, জননিরাপত্তা নিশ্চিত করা এবং যেকোনো অনাকাঙ্ক্ষিত পরিস্থিতি মোকাবিলায় নতুন করে আরও এক ব্যাটালিয়নের ২৬ প্লাটুন সদস্য মোতায়েন করা হয়েছে।

মোতায়েন করা বিজিবি সদস্যরা স্থানীয় প্রশাসন ও অন্যান্য আইনশৃঙ্খলা রক্ষাকারী বাহিনীর সঙ্গে সমন্বয় করে দায়িত্ব পালন করছেন। জনগণের জানমালের নিরাপত্তা ও এলাকার শান্তিশৃঙ্খলা বজায় রাখতে তারা সতর্ক অবস্থানে রয়েছেন।

LENS ASIA